গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০৭.০০১.২০-৪৪৬ | তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯ / ১৪ আগষ্ট ২০২২

**বিষয়ঃ সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার মাদ্রাসার জনবল নিয়োগের পরীক্ষা অনুষ্ঠান এবং পর্যাপ্ত সময় হাতে রেখে মহাপরিচালকের প্রতিনিধি চেয়ে আবেদন দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় কামিল, ফাজিল, আলিম ও দাখিল স্তরের মাদ্রাসা রয়েছে। এসব মাদ্রাসায় NTRCA বহির্ভূত বিভিন্ন পদে গভর্ণিংবডি/ম্যানেজিং কমিটির মাধ্যমে নিয়োগের লক্ষ্যে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চেয়ে আবেদন করা হয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টস থাকে না; তাছাড়া অনেক সময় পত্রিকার বিজ্ঞপ্তির সময়সীমা/স্বীকৃতির মেয়াদের শেষ প্রান্তে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চেয়ে আবেদন দাখিল করা হয়। ফলে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়নের পর নিয়োগ কার্যক্রমের জন্য অল্প সময় থাকে। মাদ্রাসার নিয়োগ কমিটিতে প্রতিনিধি মনোনয়নের আদেশে সাপ্তাহিক ছুটির দিন নিয়োগ পরীক্ষা আয়োজনের জন্য নির্দেশনা থাকে। কিন্তু অনেক মাদ্রাসায় নিয়োগ পরীক্ষার জন্য মাদ্রাসার ক্লাস চলাকালীন দিন ধার্য করা হয়। মাদ্রাসা খোলার তারিখে/ক্লাস চলাকালীন নিয়োগ পরীক্ষা হলে মাদ্রাসার স্বাভাবিক শিক্ষা কার্যক্রম দারুনভাবে ব্যাহত হয়। উল্লেখ্য **বিসিএস ও ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটি**সহ অনেক বড় ও গুরুত্বপূর্ণ নিয়োগ পরীক্ষা সপ্তাহের **শুক্রবারেই** অনুষ্ঠিত হয়ে থাকে।

এমতাবস্থায়, এখন থেকে মাদ্রাসার নিয়োগ পরীক্ষা **শুক্রবার (সরকারি সিদ্ধান্তে কোন জাতীয় দিবস না থাকলে)** আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। নিয়োগ প্রাপ্তদের এমপিওভুক্তির আবেদনে দাখিলকৃত নিয়োগ পরীক্ষার ফলাফল/টেবুলেশন শীটে তারিখের সাথে **সাপ্তাহিক বার** ও উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো। তাছাড়া পর্যাপ্তসময় হাতে রেখে নিয়োগ কমিটিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি চাওয়ার আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই মাদ্রাসা খোলার তারিখে/ক্লাস চলাকালীন মাদ্রাসার নিয়োগ পরীক্ষা গ্রহন না করার জন্য অনুরোধ করা হলো।

২৪/০৮/২২

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সভাপতি/অধ্যক্ষ...... (সকল কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০৭.০০১.২০-৪৪৬(৯) | তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৯ / ১৪ আগষ্ট ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২। উপাচার্য, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়, [সপ্তাহের শুক্রবার নিয়োগ পরীক্ষা নিশ্চিতকরণে তার মনোনীত প্রতিনিধিকে অবহিত করার অনুরোধসহ]
৩। বিভাগীয় কমিশনার....(সকল)
৪। জেলা প্রশাসক ... . (সকল)
৫। উপজেলা নির্বাহী অফিসার ... (সকল)
৬। জেলা শিক্ষা অফিসার ...... (সকল)
৭। উপজেলা/থানা মাধমিক শিক্ষা অফিসার....(সকল)
(৩–৭) আওতাধীন সকল মাদ্রাসায় উপরিল্লিখিত নির্দেশনা নিশ্চিতকরণের অনুরোধসহ।

কার্যার্থে:

১। পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক/পরিদর্শক (সকল), মাশিঅ/....
মাদ্রাসার নিয়োগ পরীক্ষা শুক্রবার আয়োজন নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ

২৪.০৮.২০২২

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদ্রাসা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৭
ই-মেইল: afazsazid@gmail.com